গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
আলফাডাঙ্গা, ফরিদপুর।
www.fisheries.alfadanga.faridpur.gov.bd

স্মারক নং : ৩৩.০২.২৯০৩.৫০১.৫১.০০৪.২৪-২৮০ তারিখ : ০১/০৯/২০২৫ খ্রিঃ

## "কোটেশন বিজ্ঞপ্তি"

২০২৫-২৬ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরাধীন দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ণ প্রকল্প (১ম সংশোধিত) এর অধীনে ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজলায় পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প পরিচালক মহোদয়ের ২৫/০৮/২০২৫ খ্রিঃ তারিখের ৩৩.০২.০০০০.৯৫৭.০৯.০০৪.২৫-৮৯০ নং পত্র মোতাবেক অত্র উপজেলার অত্র প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্বাচিত বিভিন্ন জলাভূমি/প্লাবনভূমি এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ে রুই জাতীয় মাছের পোনা ক্রয়ের জন্য নিম্নলিখিত বিবরণ এবং শর্তসাপেক্ষে প্রকৃত পোনা উৎপাদনকারী, ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

| ০১ | মন্ত্রণালয় | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
|---|---|---|
| ০২ | সংগ্রাহক স্বত্তার প্রধান | প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ণ প্রকল্প (১ম সংশোধিত), মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ। |
| ০৩ | সংগ্রহকারী স্বত্তা | উপজেলা মৎস্য কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর। |
| ০৪ | অর্থের উৎস | দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ণ প্রকল্প (১ম সংশোধিত), মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ। |
| ০৫ | সংগ্রাহকের জেলার নাম | ফরিদপুর। |
| ০৬ | কাজের নাম | সংযুক্ত ছক 'ক' |
| ০৭ | কাজ সমাপ্তির সময় সীমা | কার্যাদেশে উল্লিখিত কার্যদিবসের মধ্যে। |
| ০৮ | কোটেশন প্রাপ্তির স্থান | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর। |
| ০৯ | কোটেশন দাখিলের স্থান | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর। |
| ১০ | কোটেশন প্রাপ্তির সর্বশেষ তারিখ ও সময় | ০৯/০৯/২০২৫ খ্রিঃ বেলা ১১ ঘটিকা পর্যন্ত। |
| ১১ | কোটেশন দাখিলের তারিখ ও সময় | ০৯/০৯/২০২৫ খ্রিঃ বেলা ১২ ঘটিকা পর্যন্ত। |
| ১২ | কোটেশন উন্মুক্তের তারিখ ও সময় | ০৯/০৯/২০২৫ খ্রিঃ বেলা ২:৩০ ঘটিকা। |

### ছক- 'ক'

| ক্র.নং | কাজের বিবরণ | পোনামাছের বিবরণ | পরিমাণ | মোট বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ণ প্রকল্প (১ম সংশোধিত) এর অধীনে ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজলায় পোনামাছ অবমুক্তি কার্যক্রম। | রুই জাতীয় (১০-১৫ সে.মি) আকারের সুস্থ-সবল পোনামাছ। | আনুমানিক ৪০০কেজি | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা |

**শর্তাবলীঃ**

০১। প্রাপ্ত কোটেশন দাতাকে ফরিদপুর জেলাধীন আলফাডাঙ্গা উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক, বর্ষাপ্লাবিত ধানক্ষেত ও জলমহালে নিজস্ব খরচে পোনা পৌঁছাইয়া দিতে হবে।

০২। দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ণ প্রকল্প এর অনুমোদিত বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

০৩। রুই-৪০%, কাতলা-৩০%, মৃগেল, কালিবাউস ও ঘনিয়া-৩০% হতে হবে। পোনা মাছের আকার ১০-১৫ সে.মি.।

০৪। কোটেশন দাতাকে ৩০০/- (তিনশত টাকা) মূল্যের স্ট্যাম্পে উপজেলা মৎস্য কর্মকর্তার সঙ্গে চুক্তিবদ্ধ হতে হবে।

০৫। কোটেশনে উল্লিখিত পোনা মাছের পরিমাণ কম/বেশি হতে পারে।

০৬। নির্ধারিত আকারের চেয়ে ছোট/বড় পোনা গ্রহণ যোগ্য হবে না।

০৭। কোটেশন দাতা আংশিক পোনা সরবরাহ করিলে তাহার বিল পরিশোধ করা হইবে না।

০৮। পোনা মাছের দর বাজার দরের সহিত সংগতিপূর্ণ হইতে হবে। সংগতিপূর্ণ না হইলে কোটেশন মূল্যায়ন কমিটি উক্ত কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। কোটেশন দাতার পোনা সুস্থ্য ও সবল হইতে হবে এবং দুর্বল, রুগ্ন বা মরা পোনা মাছ গ্রহণ করা হবে না।

১০। প্রজাতি ভিত্তিক আলাদা আলাদা হাপায় ০১ ঘন্টা পোনা অবমুক্তির আগে খাপ খাওয়াতে হইবে।

১১। দরপত্র বিষয়ক কার্যাবলী পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসারে পালিত হবে ।

১২। কারিগরি ,সামাজিক ও অর্থনৈতিক বিবেচনায় যুক্তিযুক্ত প্রতীয়মান হলে দরপত্র মূল্যায়ন কমিটি সর্বনিম্ন দর দাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের সুপারিশ করবে ।

১৩। সিডিউল ক্রয়ের সময় দরদাতাকে হাল নাগাদ ট্রেড লাইলেন্স, আয়কর পরিশোধের সনদ, ভ্যাট পরিশোধের সনদ, নাগরিকত্বের সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৪। কোন চলতি বা অগ্রীম বিল প্রদান করা হবে না এবং কোটেশন দাতাকে সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট/আয়কর/অন্যান্য কর কর্তনপূর্বক বিলের টাকা পরিশোধ করা হবে।

১৫। সরবরাহকারীকে নিজ খরচে কার্যদেশে উল্লেখিত স্থান, তারিখ ও সময়ে সুস্থ্য-সবল ও রোগমুক্ত পোনামাছ সরবরাহ করতে হবে।

১৬। কার্য সম্পাদনের পর ০২ প্রস্থ বিল নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

১৭। দরপত্র বিষয়ক কার্যাবলী সরকারি ছুটি অনিবার্য কারণবশতঃ অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে উল্লিখিত সময়/ স্থানে কার্যকর হবে।

১৮। কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলের জন্য কোন মুল্য আদায় করা হবে না। এক্ষেত্রে দরপত্র জামানত কার্য সম্পাদন জামানত প্রয়োজন হবে না।

১৯। প্রতিযোগিতামুলক ভিত্তি নিশ্চিত করার লক্ষ্যে কমপক্ষে ০৩ টি কোটেশন দরপত্র আবশ্যক হবে।

২০। দরপত্র দাতা ০১ টি সীলগালা করা খামের উপরি অংশে সুস্পষ্ঠভাবে "রিকোয়েস্ট ফর কোটেশন" শব্দ লিপিবদ্ধ করে আলফাডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করবেন।

২১। যে কোন শর্ত ভঙ্গের কারনে বা ব্যর্থতায় প্রতিষ্ঠানের প্রতি দেয় কার্যাদেশ বাতিল করা হবে।

২২। অযাচিত কোন ঘটনা ঘটলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

২৩। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

উপরোক্ত শর্তে স্বাক্ষর করিলাম।
দরদাতার নাম,স্বাক্ষর ও সীল
তারিখ ঃ

Tarun 01.09.2025
(তরুন বসু)
উপজেলা মৎস্য কর্মকর্তা
আলফাডাঙ্গা, ফরিদপুর।
ও
সদস্য সচিব
দরপত্র মূল্যায়ন কমিটি
আলফাডাঙ্গা,ফরিদপুর।

স্মারক নং : ৩৩.০২.২৯০৩.৫০১.৫১.০০৪.২৪-২৮০/১(১০)    তারিখ : ০১/০৯/২০২৫ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

১. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা, বাংলাদেশ।
২. প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৬. উপজেলা কৃষি অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৭. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৮. অফিসার ইনচার্জ, আলফাডাঙ্গা থানা, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৯. নোটিশ বোর্ড।
১০. সংশ্লিষ্ট নথি।

Tarun 01.09.2025
উপজেলা মৎস্য কর্মকর্তা
আলফাডাঙ্গা, ফরিদপুর।